

## ■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৩৯]

৮/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯৮। মসজিদে মহিলাদের ঘুমানো

بَابْ نُومِ الْمَرْأَةِ فِي الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ بْنُ إِسْمَاعِيلَ، قَالَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ هِشَامٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، أَنَّ وَلِيدَةً، كَانَتْ سَوْدَاءَ لِحَىٰ مِنَ الْعَرَبِ، فَأَعْتَقُوهَا، فَكَانَتْ مَعَهُمْ قَاتِلْ فَخَرَجَتْ صَبِيَّةً لَهُمْ عَلَيْهَا وِشَاحًّا أَحْمَرًّا مِنْ سُيُورٍ قَاتِلْ فَوَضَعَتْهُ أَوْ وَقَعَ مِنْهَا، فَمَرَّتْ بِهِ حُدَيَاةٌ وَهُوَ مُلْقَى، فَحَسِبَتْهُ لَحْمًا فَخَطَافَتْهُ قَاتِلْ فَالْتَّمَسُوهُ فَلَمْ يَجِدُوهُ قَاتِلْ فَاتَّهَمُونِي بِهِ قَاتِلْ فَطَفِقُوا يُفَتَّشُونَ حَتَّىٰ فَتَشُوا قُبَابًا قَاتِلْ وَاللَّهِ إِنِّي لِقَائِمَةٌ مَعَهُمْ، إِذْ مَرَّتِ الْحُدَيَاةُ فَأَلْقَتْهُ قَاتِلْ فَوَقَعَ بَيْنَهُمْ قَاتِلْ فَقُلْتُ هَذَا الَّذِي اتَّهَمْتُونِي بِهِ - زَعَمْتُ - وَأَنَا مِنْهُ بَرِيَّةٌ، وَهُوَ ذَا هُوَ قَاتِلْ فَجَاءَتْ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَسْلَمَتْ. قَاتِلْ عَائِشَةَ فَكَانَ لَهَا خِبَاءً فِي الْمَسْجِدِ أَوْ حِفْشٌ قَاتِلْ فَكَانَتْ تَأْتِينِي فَتَحَدَّثُ عِنْدِي قَاتِلْ فَلَا تَجِلِّسُ عِنْدِي مَجْلِسًا إِلَّا قَاتِلْ

وَيَوْمَ الْوِشَاحِ مِنْ أَعَاجِيبِ رَبِّنَا \* أَلَا إِنَّهُ مِنْ بَلْدَةِ الْكُفْرِ أَنْجَانِي

قَاتِلْ عَائِشَةَ فَقُلْتُ لَهَا مَا شَاءْتِ لَا تَقْعُدِينَ مَعِي مَقْعَدًا إِلَّا قُلْتُ هَذَا قَاتِلْ فَحَدَّثْتُنِي بِهَذَا الْحَدِيثِ.

বাংলা

৪২৬। উবাইদ ইবনু ইসমাইল (রহঃ) ..... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত, কোন আরব গোত্রের একটি কালো দাসী ছিল। তারা তাকে আয়াদ করে দিল। সে তাদেরই সাথে থেকে গেল। সে বলেছে যে, তাদের একটি মেয়ে গলায় লাল চামড়ার ওপর মূল্যবান পাথর খচিত হার পরে বাইরে গেল। দাসী বলেছে, সে হারটা হয়তো নিজে কোথাও

রেখে দিয়েছিল, অথবা কোথায় পড়ে গিয়েছিল। তখন চিল তা পড়ে থাকা অবস্থায় মাংসের টুকরা মনে করে ছোঁ  
মেরে নিয়ে গেল। দাসী বলেছেঃ তারপর গোত্রের লোকেরা বেশ খোঁজাখুঁজি করতে লাগলো। কিন্তু তারা তা পেল  
না। তখন তারা আমার উপর এর দোষ চাপাল।

সে বলেছেঃ তারা আমার উপর তল্লাশী শুরু করলো, এমনকি আমার লজ্জা-স্থানেও তল্লাশী চালাল। দাসীটি  
বলেছেঃ আল্লাহর কসম! আমি তাদের সাথে সে অবস্থায় দাঁড়ানো ছিলাম, এমন সময় চিলটি উড়ে যেতে যেতে  
হারটি ফেলে দিল। সে বলেছে তাদের সামনেই তা পড়লো। তখন আমি বললামঃ তোমরা তো এর জন্যই আমার  
উপর দোষ চাপিয়ে ছিলে! তোমরা আমার উপর সন্দেহ করেছিলে অথচ আমি এ ব্যাপারে সম্পূর্ণ নির্দোষ। এই  
তো সেই হার! সে বলেছেঃ তারপর সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে ইসলাম গ্রহণ  
করলো।

আয়শা (রাঃ) বলেনঃ তাঁর জন্য মসজিদে (নববীতে) একটা তাঁরু অথবা ছাপড়া করে দেয়া হয়েছিল। আয়শা  
(রাঃ) বলেন (দাসীটি) আমার কাছে আসতো আর আমার সঙ্গে কথাবার্তা বলতো। সে আমার কাছে যখনই বসত  
তখনই বলতোঃ

**وَيَوْمَ الْوِشَاحِ مِنْ أَعَاجِيبِ رَبِّنَا \* أَلَا إِنَّهُ مِنْ بَلْدَةِ الْكُفَّرِ أَجَانِي**

“সেই হারের দিনটি আমার রবের আশৰ্য ঘটনা বিশেষ। জেনে রাখুন সে ঘটনাটি আমাকে কুফরের শহর থেকে  
মুক্তি দিয়েছে”।

আয়শা (রাঃ) বলেন, আমি তাকে বললামঃ কি ব্যাপার, তুমি আমার কাছে বসলেই যে এ কথাটা বলে থাক?

আয়শা (রাঃ) বলেন, সে তখন আমার কাছে উক্ত ঘটনা বর্ণনা করল।

## English

Narrated `Aisha: There was a black slave girl belonging to an 'Arab tribe and they manumitted her but she remained with them. The slave girl said, "Once one of their girls (of that tribe) came out wearing a red leather scarf decorated with precious stones. It fell from her or she placed it somewhere. A kite passed by that place, saw it Lying there and mistaking it for a piece of meat, flew away with it. Those people searched for it but they did not find it. So they accused me of stealing it and started searching me and even searched my private parts." The slave girl further said, "By Allah! while I was standing (in that state) with those people, the same kite passed by them and dropped the red scarf and it fell amongst them. I told them, 'This is what you accused me of and I was innocent and now this is it.' " `Aisha added: That slave girl came to Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) and embraced Islam. She had a tent or a small room with a low roof in the mosque. Whenever she called on me, she had a talk with me and whenever

she sat with me, she would recite the following: "The day of the scarf (band) was one of the wonders of our Lord, verily He rescued me from the disbelievers' town. `Aisha added: "Once I asked her, 'What is the matter with you? Whenever you sit with me, you always recite these poetic verses.' On that she told me the whole story. "

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=437>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন